
# রাজকীয় বাহরাইনে অনুষ্ঠিত কোভিড ১৯ করোনা ভাইরাসের ভ্যাকসিনের তৃতীয় পর্যায়ের ক্লিনিক্যাল ট্রায়ালে অংশগ্রহণকারী স্বেচ্ছাসেবী




#لأجل_الإنسانية
#4Humanity

# এই গবেষণার প্রকৃতি কি?



- সহোদর রাষ্ট্র সংযুক্ত আরব আমিরাতের সহযোগিতায় জি 42 দ্বারা প্রতিনিধিত্ব করে গবেষণাটি পরিচালিত হচ্ছে এবং কোম্পানী সিনোফার্ম (সি এন পি জি) দ্বারা পরিচালিত বিকশিত টিকা থেকে অর্জিত কার্যকারিতা ও রোগ প্রতিরোধের ক্ষমতা নিয়ে আলোকপাত করে যাচ্ছে।

- মূলত ক্লিনিক্যাল ট্রায়ালগুলিতে রোগ প্রতিরোধ ও বিস্তার হ্রাসে নতুন কোন পদ্ধতির কার্যকারিতার পরিমাপ নিয়ে গবেষণা করা হয়। করোনাভাইরাস (কোভিড -১৯) এর বিরুদ্ধে প্রস্তাবিত ভ্যাকসিনের সুরক্ষা এবং কার্যকারিতা ও নিরাপত্তা জানতে উক্ত গবেষণায় সমীক্ষা করা হচ্ছে।

# অংশগ্রহণের সাথে কি কোন ধরণের স্বাস্থ্য ঝুঁকি রয়েছে?




- ভ্যাকসিন তৈরির কৌশলটি অত্যন্ত নিরাপদ ও চিকিৎসার আলোকে নির্ভরযোগ্য ও কার্যকর, যে ভ্যাকসিনের উপর পরীক্ষা-নিরীক্ষা করা হয় তা একটি নিষ্ক্রিয় ভ্যাকসিন, রাজকীয় বাহরাইনে এই ধরণের ভ্যাকসিনগুলির সাথে মোকাবেলা করার জন্য দক্ষতা ও যথেষ্ট ক্ষমতা রাখে কেননা লাইসেন্সযুক্ত টিকা দেওয়ার নিয়মিত সময়সূচীতে পোলিও টিকা, মৌসুমী ইনফ্লুয়েঞ্জা এবং অন্যান্য জীবাণু ভ্যাকসিন অন্তর্ভুক্ত রয়েছে।

- পাশাপাশি অন্য যে কোন ভ্যাকসিনের মতো ভ্যাকসিন গ্রহণের পরে কিছু সাধারণ প্রতিক্রিয়া দেখা দিতে পারে এবং সেগুলি সাধারণত এমনিতেই চলে যায়। তবে গুরুতর লক্ষণযুক্ত রোগীদেরকে দক্ষ চিকিৎসকদের তত্ত্বাবধানে চিকিৎসা দেওয়া হবে।

#لأجل_الإنسانية
#4Humanity

# গবেষণায় অংশ নিতে কতক্ষণ সময় লাগবে?



- ট্রায়ালে অংশ নেওয়ার সময়কাল প্রায় দুই মাস চলবে এবং ফলো-আপের সময়কাল 12 মাস পর্যন্ত বাড়তে পারে।

**প্রথম দিন 0**
প্রথম ডোজ

**24 ঘন্টার ব্যাপী**
ফোনে ফলোআপ

**তৃতীয় দিন**
পার্শ্ব প্রতিক্রিয়া পর্যবেক্ষণ

**সপ্তম দিন**
পার্শ্ব প্রতিক্রিয়া পর্যবেক্ষণ

**আটাশতম দিন**
পার্শ্ব প্রতিক্রিয়া পর্যবেক্ষণ

**চব্বিশতম দিন**
পার্শ্ব প্রতিক্রিয়া পর্যবেক্ষণ

**একুশতম দিন**
দ্বিতীয় ডোজ

**চৌদ্দতম দিন**
পার্শ্ব প্রতিক্রিয়া পর্যবেক্ষণ

**পঁয়ত্রিশতম দিন**
ব্যক্তিগত পরীক্ষা

**বিয়াল্লিশতম দিন**
পার্শ্ব প্রতিক্রিয়া পর্যবেক্ষণ

**ঊনপঞ্চাশতম দিন**
ব্যক্তিগত পরীক্ষা

#لأجل_الإنسانية
#4Humanity

# অংশগ্রহণের সাথে কী ধরণের লাভ ও সুবিধা রয়েছে?




- ক্লিনিকাল স্টাডির স্পনসরকারী সংস্থাটি বিনা মূল্যে ভ্যাকসিন সরবরাহ করবে। এবং গবেষণার সাথে সম্পর্কিত সবধরণের পরীক্ষার ফি ও যাবতীয় ব্যয়ের জন্য অর্থ প্রদান করবে

- অংশগ্রহণের ফলে ভাইরাস মোকাবিলার দক্ষতাকে যোগান দিবে এবং ভাইরাসেরে বিস্তার রোধ ও নিয়ন্ত্রণ করার জন্য একটা দ্রুত ও উদ্ভাবনী সমাধান সন্ধান করতে সহায়তা করে।

#لأجل_الإنسانية
#4Humanity

## আমার মধ্যে কোন  লক্ষণ দেখা দিলে কার সাথে যোগাযোগ করব?

- হটলাইন 444 নম্বরে কল করুন বা ফলোআপের জন্য মনোনীত স্বাস্থ্যকেন্দ্রগুলির মধ্যে যে কোন  একটিতে যান কিংবা আপনি নিম্নলিখিত ঠিকানায় ইমেল পাঠাতে পারেন:

  **Covid19.trials@health.gov.bh**


  এবং আপনার সাথে সরাসরি যোগাযোগ করা হবে।

## আমি কি গবেষণার মাঝামাঝি সময়ে নিজেকে ফিরিয়ে নিতে পারব?

- আপনার সিদ্ধান্ত যাই হোক না কেন যে কোন সময় প্রত্যাহার করতে  আপনি সম্পূর্ণ স্বাধীন এবং আপনি  এতে কোন ধরণের দায়বদ্ধতা বহন করবেন না

#لأجل_الإنسانية
#4Humanity

# ভাইরাসে আক্রান্ত বা সম্মুখিন হওয়া ব্যক্তিকে কি টিকা দেওয়া যেতে পারে?




- হ্যাঁ, শর্ত হল ভাইরাস থেকে পুরোপুরি নিরাময় পেতে হবে.

# ভ্যাকসিনের সাফল্যের হার কত?

- গবেষণায় অন্তর্ভুক্ত প্রতিশ্রুতিযুক্ত ভ্যাকসিনটি কোন ধরণের ক্ষতিকারক প্রভাব ছাড়াই চীনে অনুষ্ঠিত ট্রায়ালগুলির প্রথম ও দ্বিতীয় পর্যায়ের উত্তরণে সফল হয়েছে, যে পরিমাণ স্বেচ্ছাসেবীর শরীরে ডোজ পৌঁছে যাওয়ার দু'দিন পর অ্যান্টিবডি তৈরি করতে পেরেছিলেন তাদের শতকরা হার %100 এ পৌঁছেছে।


- চূড়ান্ত তৃতীয় পর্যায়ে আরো বেশি সংখ্যক ভ্যাকসিন পরীক্ষা করা প্রয়োজন।

#لأجل_الإنسانية
#4Humanity

# টিকা প্রস্তুতকারী কোম্পানী কে?

国药集团
SINOPHARM

- ভ্যাকসিন প্রস্‌তুতকারী সিনোফার্ম বিশ্বের ষষ্ঠ বৃহত্তম টিকা প্রস্‌তুতকারক। তার সেবা থেকে প্রায় ২৩০,০০০ এর বেশি গ্রাহক উপকৃত হচ্ছেন ,এবং ৩০,০০০ চেয়েও বেশি বিভিন্ন ধরণের মেডিকেল ওষুধ এবং স্বাস্থ্য সরঞ্জামাদি সরবরাহ করে যাচ্ছে। ইনফ্লুয়েঞ্জা ও হামের মতো রোগের বিরুদ্ধে "নিষ্ক্রিয় টিকা" নামক প্রযুক্তি ব্যবহার করে যাচ্ছে যা একই ধরণের প্রযুক্তি করোনা ভাইরাস (কোভিড- 19) ভ্যাকসিনের ক্লিনিক্যাল পরীক্ষায় ব্যবহৃত হচ্ছে।



# অন্য কোন দেশে ভ্যাকসিনের ট্রায়াল সম্পন্ন হয়েছে কি?

- হ্যাঁ, অংশগ্রহণকারীদের কোন ধরণের স্বাস্থ্য ঝুঁকি রেকর্ড না করে চীন ও সংযুক্ত আরব আমিরাত সহ একাধিক দেশে ৪৫,০০০ স্বেচ্ছাসেবীর উপর ট্রায়াল সম্পন্ন হয়েছে।



#لأجل_الإنسانية
#4Humanity

# ভ্যাকসিনের কার্যকারিতার উপর কীভাবে নিশ্চিত হওয়া যায়?

- শরীরে অ্যান্টিবডিগুলি পর্যবেক্ষণ করার জন্য পরীক্ষাঘারে যাওয়ার আগে ও পরে রক্ত নেওয়া হবে এবং পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্ধারিত হবে ভাইরাস মোকাবেলায় শরীরে কোন প্রতিরোধ ক্ষমতা তৈরি হয়েছে কিনা, করোনাভাইরাস ভ্যাকসিন গ্রহণ করার পর কোন স্বেচ্ছাসেবীর বা সংক্রামিত কোন ব্যাক্তির টিকার কার্যকারিতা নিয়ে চিন্তার কোন কারণ নেই।



#لأجل_الإنسانية
#4Humanity

# কখন এই ভ্যাকসিনের চূড়ান্ত ফলাফল বিশ্বব্যাপী প্রদর্শিত হবে?

- সকল অংশগ্রহীতা দেশে অনুষ্ঠিত প্রয়োজনীয় সংখ্যক স্বেচ্ছাসেবীর উপর কাজ যখন সম্পূর্ণ হবে ও গবেষণা সমাপ্ত হবে, কিংবা সিনোফার্ম কোম্পানী দ্বারা পরিচালিত গবেষণায় দায়িত্বে থাকা মেডিকেল টিমের সদস্যগণ যখন যা সিদ্ধান্ত নেন,



#لأجل_الإنسانية
#4Humanity

# একজন স্বেচ্ছাসেবী হওয়ার জন্য প্রয়োজনীয় শর্তাবলী কি?

- ১৮ বছর বা তার চেয়ে বেশি বয়সী হওয়া এবং সুস্বাস্থ্যের অধিকারী হওয়া।
- অফিসিয়াল কাগজপত্র আইডি কার্ড বা পাসপোর্ট ব্যবহার করে নিবন্ধন করা
- অবশ্যই রাজকীয় বাহরাইনের বাসিন্দা হওয়া কিংবা ট্রায়ালের সময়কালে বৈধ একামাধারী হওয়া,
- ট্রায়ালে অংশগ্রহণের জন্য যোগ্যতার সার্টিফিকেট জমা দেওয়া.
- ট্রায়ালে অংশগ্রহণের আগে সম্মতি ফরমে স্বাক্ষর করা.



#لأجل_الإنسانية
#4Humanity

# মানবতার জন্য স্বেচ্ছাসেবক হোন

## কোভিড ১৯ ভ্যাকসিনের ক্লিনিক্যাল ট্রায়ালে অংশগ্রহণকারী স্বেচ্ছাসেবীদের জন্য

এক্সিবিশন সেন্টারে অবস্থিত পরীক্ষা কেন্দ্রে গিয়ে (হল  নম্বর ৪) সরাসরি দেখা করুন

প্রতিদিন সকাল
৮ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

#لأجل_الإنسانية
#4Humanity

#لأجل_الإنسانية
#4Humanity